কুষ্টিয়ার দৌলতপুরে বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার দৌলতপুরে কাঠের খড়ি বোঝায় ট্রাকের ওপর থেকে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সজিব হোসেন (২৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ রোববার সকালে উপজেলার রিফাইতপুর ইউনিয়নের ঝাউদিয়া এলাকায় এই ঘটনাটি ঘটে। নিহত সজিব ওই ইউনিয়নের দিঘলকান্দি গ্রামের আফতার আলীর ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বেশি উচ্চতায় লোড নিয়ে একটি কাঠের খড়ি বোঝায় ট্রাক ঝাউদিয়া এলাকায় আসলে ট্রাকের উপরে থাকা সজিব রাস্তার ওপরে থাকা বৈদ্যুতিক তারের সঙ্গে বেঁধে সেখানেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তার মৃত্যু হয়।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ আউয়াল কবির বলেন, মরদেহ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গায় সাপের কামড়ে যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গায় সাপের কামড়ে এক যুবকের মৃত্যু হয়েছে। চুয়াডাঙ্গা সদর উপজেলার খাসপাড়া গ্রামের সেলিম হোসেন (২৮) নামের যুবকের মৃত্যু হয়। আজ সোমবার ভোর সাড়ে ছয়টাই চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত সেলিম হোসেন চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের খাসপাড়া গ্রামের মৃত. মনির উদ্দিনের ছেলে। নিহত সেলিম হোসেন দুই সন্তানের জনক ছিলেন।

নিহতের স্বজনেরা বলেন, রাতে সাপে কামড়ানোর পরই একটি মাইক্রোবাস ভাড়া করে সদর হাসপাতালে নেয়া হয় সেলিমকে। হাসপাতালে সরকারিভাবে সাপের বিষের প্রতিষেধক (অ্যান্টিভেনম) সাপ্লাই ছিল না। বাইরে থেকে অ্যান্টিভেনম কেনার পরামর্শ দেয়া হয়। অত্যান্ত দারিদ্র পরিবার তারা। সঙ্গে করে মাত্র সাত হাজার টাকা নিয়ে এসেছিল। আর এক ডোজ অ্যান্টিভেনমের (১০ পিচ) মূল্য ১৪ হাজার টাকা। ফার্মেসি দোকানদার বাকি দিতে না চাওয়ায় ভাড়া করা মাইক্রোবাসের চাবি বন্ধক রাখা হয়। এরপরই এক ডোজ অ্যান্টিভেনম আমাদের দেন তিনি। হাসপাতালে নিয়ে আসার প্রায় এক ঘন্টা পর অ্যান্টিভেনম তার শরীরে পুশ করা হয়। এরপরও সেলিমকে বাচানো গেল না। যদি হাসপাতালে কিংবা ফার্মেসি থেকে তাৎক্ষনিকভাবে পাওয়া যেত তাহলে হয়তো সেলিমকে বাচানো সম্ভব হতো।

তিনি আরও বলেন, গতকাল রোববার রাতে নিজ ঘরে ঘুমিয়ে ছিল। রাতে যে কোন সময় একটি বিষধর সাপ সেলিমের গলায় পেচিয়ে ধরে গলাতেই কামড় দেয়। এরপরই রাত ২টার দিকে সেলিমকে উদ্ধার করে মাইক্রোবাস ভাড়া করে সদর হাসপাতালে নিয়ে আসা হয়। সেলিমের দুটি ছোট ছোট সন্তান রয়েছে। তার মা অন্যের বাড়িতে কর্ম করেন। সেলিমও দিনমজুর ছিলেন। তার মৃত্যুতে একটি পরিবারের স্বপ্ন শেষ হয়ে গেল। আজ সোমবার বিকেল ৫টার দিকে নিজ গ্রামে দাফন সম্পন্ন হবে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মোরশেদ আলম বলেন, সাপের কামড়ে রাতে একজন যুবক সদর হাসপাতালে ভর্তি হয়। অ্যান্টিভেনম পুশ করা হয়েছিল। পরে ভোর ৬টার দিকে চিকিৎসারত অবস্থায় মারা যায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের স্টোর কিপার হাদিউজ্জামান বলেন, প্রায় মাস খানেকের বেশি দিন যাবত হাসপাতালে অ্যান্টিভেনম সাপ্লাই নেই। বেশ কয়েকবার ঢাকাতে যোগাযোগ করেছি। এখনো অ্যান্টিভেনম দেয়নি।

হরিণাকুন্ডুতে সাপের কামড়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে সাপের কামড়ে হাবিবুর রহমান (২৬) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

গতকাল বুধবার রাত সাড়ে ৩ টার দিকে ঝিনাইদহ সদর হাসপাতালে তার মৃত্যু হয়। হাবিবুর রহমান পেশায় রাজমিস্ত্রী। তিনি রায়পাড়া উপজেলার ভাতুড়িয়া গ্রামের মৃত শমসের আলীর ছেলে।

প্রতিবেশী শামসুল ইসলাম জানান, হাবিবুর রহমান রাতে নিজ ঘরে ঘুমিয়ে ছিলো। রাত দেড় টার দিকে বিষধর সাপ তাকে ছোবল দেয়। জ্বালাযন্ত্রনা শুরু হলে পরিবারের লোকজন তাকে নিয়ে প্রথমে স্থানীয় এক ওঝার কাছে নেওয়ার চেষ্টা করে। অসুস্থ হয়ে পড়লে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে আনা হয়। রাত সাড়ে ৩ টার দিকে সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

হরিণাকুন্ডু থানার ওসি মোহাম্মদ জিয়াউর রহমান মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

দামুড়হুদায় মৈত্রী এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় যুবকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোটদুধপাতিলা রেলগেটে ট্রেনের ধাক্কায় বুদ্ধি প্রতিবন্ধী যুবকের মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে কলকাতা থেকে ছেড়ে আসা মৈত্রী এক্সপ্রেস ট্রেন ছোটদুধপাতিলা রেলগেটে পৌঁছালে এই দূর্ঘটনা ঘটে। মৃত ব্যক্তি হলো দর্শনা থানা এলাকার ডিহি কৃষ্ণপুর ডাক্তার পারার ঝন্টু আলীর ছেলে আলামিন হোসেন (২৯)।

স্থানীয় সুত্রে জানাগেছে, উপজেলার ছোটদুধপাতিলা গ্রামের রেলগেটে

কলকাতা থেকে ছেড়ে আসা মৈত্রী এক্সপ্রেস ট্রেন এসে পৌঁছালে বুদ্ধি প্রতিবন্ধী আলামিন হোসেন রাস্তা পার হতে গেলে ট্রেনের সাথে সজরে ধাক্কা লেগে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ও দর্শনা রেল পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। ঘটনাস্থল পরিদর্শন শেষে লাশের সুরতহাল রিপোর্ট করে দর্শনা রেলওয়ে পুলিশ লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়। এবিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে বলে জানান দর্শনা রেলওয়ে পুলিশ।

শৈলকুপার ভাটই বাজারে ট্রাকের ধাক্কায় যুবকের মৃ*ত্যু

ঝিনাইদহে সিমেন্ট বোঝায় ট্রাকের চাকায় পৃষ্ঠ হয়ে আবীর হোসেন
(১২) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। আজ বুধবার দুপুরে জেলার শৈলকুপার ভাটই বাজারে এ ঘটনা ঘটে। মৃত আবীর উপজেলার দুধসর চর এলাকার শানু বিশ্বাসের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে বাসা থেকে দাদীকে সাথে নিয়ে ভাটই বাজারে ছাগল বিক্রির জন্য এসেছিল আবীর। পথেই রাস্তার পাশে দাড়িয়ে থাকা অবস্থায় পেছনের দিক থেকে আসা একটি সিমেন্ট বোঝায় ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে পুলিশ নিহতের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠায়।

ঝিনাইদহ শৈলকুপা থানার ওসি মোঃ সফিকুল ইসলাম চৌধুরী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ঘাতক ট্রাক ও চালককে আটক করা হয়েছে এ বিষয়ে থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃ*ত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মো. রাজু আহমেদ (২৫) নামে এক যুবকের মৃত্যু হয়েছে ।

গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের পাইকপাড়া চর-পাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত রাজু আহমেদ ওই এলাকার ওয়ার্ড আওয়ামীলিগের সভাপতি সাদ আহমেদের ছেলে। সে উদ্যেক্তা হিসেবে এবছর নিজেই মুরগির খামার নির্মাণ করেন।

পরিবার সূত্রে জানাগেছে, শুক্রবার সকালে নিহত রাজু বাড়ির পাশে মুরগি খামারে ফ্যান দিতে যায়। এসময় খামারে থাকা একটি স্ট্যান্ড ফ্যানের বডিতে বিদ্যুৎ ছড়িয়ে পড়ে। রাজু অসাবধানতাবসত ওই ফ্যানে হাত দিলে ঘটনাস্থলেই গুরুত¦র আহত হয়। পরিবারের সদস্যরা তাৎক্ষণিক তাকে উদ্ধার করে হারদি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ওসি মো. শেখ গণি জানান, নিহতের ম্বজনদের আবেদনের প্রেক্ষিতে হাসপাতালে নিহতের মরদেহের সুরতহাল শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তরে আইনি প্রক্রিয়া চলছে। এ ঘটনায় থানায় ইউডি মামলা রুজু হবে।

দামুড়হুদায় পাওয়ারটিলার থেকে পড়ে এক যুবকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার পীরপুর থেকে ঢালায় কাজ শেষ করে পাওয়ারটিলার যোগে বাড়ি ফেরার পথে মোক্তারপুর গোরস্তানের নামক স্থানে ঢালাই মেশিন থেকে পড়ে এক যুবকের মৃত হয়েছে। নিহত মাহাবুর (৩৫) কোমরপুর গ্রামের বাবু খাবলির ছেলে।

আজ মঙ্গলবার দুপুর ১ টার দিকে মোক্তারপুর গোরস্তানের সামনে থেকে ঢালাই মেশিন থেকে পড়ে তার মৃত্যু হয়।

জানাযায়, দামুড়হুদা উপজেলার কোমরপুর গ্রামের বাবু খাবলির ছেলে মাহাবুর প্রতিদিনের ন্যায় পীরপুর ঢালায়ের কাজ করতে যায়। ঢালায় কাজ শেষ করে বাড়ি ফেরার পথে মোক্তারপুর গোরস্তানের সামনে থেকে ঘুমের ঘোরে ঢালাই মেশিন থেকে পড়ে যায়।

পরে স্থানীয় দের সহযোগিতায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক তার অবস্থা অবনতি হলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

জীবননগরের সেনেরহুদায় বিদ্যুৎস্পৃষ্ট যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্রাট হোসেন (২৪) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। আজ শনিবার দুপুর ৩টার দিকে দিকে উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সম্রাট হোসেন একই গ্রামের জিরো পয়েন্ট এলাকার লিয়াকতের ছেলে।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, অন্যান্য দিনের ন্যায় আজ শনিবার দুপুরে গোয়ালে ঢুকে নিজের দুটি গরুকে গোসল করান সম্রাট। রোজা রাখা অবস্থায় অত্যন্ত গরমের কারণে এ সময় তিনি মোটরের পানি দিয়ে নিজেকেও ভিজিয়ে নেন। পরে সেখান থেকে বের হওয়ার সময় গোয়ালের ভেতর ঝুলতে থাকা একটি তারে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন।

বাড়ির লোকজন তাকে উদ্ধার করে দ্রুত জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে সঙ্গীয় অফিসার ফোর্স নিহতের বাড়িতে উপস্থিত হন জীবননগর থানার ওসি (তদন্ত) একরামুল হোসাইন। বিস্তারিত তথ্য যাচাই-বাছাই শেষে লাশ দাফনের অনুমতি প্রদান করে পুলিশ। সেনেরহুদা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে

জানাজা শেষে গতকাল শনিবার রাতেই নিহতের লাশ ওই গ্রামের জান্নাতুল খাদরা কবরস্থানে দাফন করা হবে।

আলমডাঙ্গায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা, যুবকের মৃত্যু

আলমডাঙ্গা চলন্ত মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে মো. জীবন হোসেন (১৯) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে হারদি-ওসমানপুর সড়কের কানাপুকুর মাঠ নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত জীবন মীরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের রাজনগর গ্রামের মো. রশিদুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, মঙ্গলবার সকালে নিহত জীবন তার চাচাতো ভাইয়ের মোটরসাইকেল নিয়ে হারদি বাজারে ঘুরতে যায়। ফেরার পথে সে হারদি-ওসমানপুর সড়কের কানাপুকুর মাঠ নামক স্থানে এলে মোটসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক থেকে ছিটকে পার্শ্ববর্তী গাছের সাথে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ওসমানপুর ফাঁড়িপুলিশের উপ-পরিদর্শক (এসআই) কায়েস মাহমুদ ঘটনা নিশ্চিত করে বলেন, রক্তাক্ত অবস্থায় যুবককে উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। লাশ হাসপাতাল হতে উদ্ধার করা হয়েছে। পরিবারের কাছে হস্তান্তরের পক্রিয়া চলছে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় ট্রেনে কাটা পড়ে যুবকের মৃ*ত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে কোয়েল জোয়ার্দার (৩২) নামে এক যুবক নিহত হয়েছেন। বুধবার (৩১ জানুয়ারি) দুপুরে মিরপুর পশুহাট সংলগ্নে ওই দুর্ঘটনা ঘটে।

নিহত কোয়েল জোয়ার্দার মিরপুর পৌরসভার নওপাড়া এলাকার মনো জোয়ার্দারের ছেলে।

বিষয়টি নিশ্চিত করে পোড়াদহ রেলওয়ে থানার (জিআরপি) ভারপ্রাপ্ত কর্মকর্তা ইমদাদুল হক জানান, দুপুরে ঢাকা থেকে কোলকাতাগামী মৈত্রী এক্সপ্রেস ট্রেন তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঘটনাস্থলে রেলওয়ে পুলিশ পৌঁছানোর পর নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করে।